রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১২, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতিরক্ষা মন্ত্রণালয়

গণভবন, শেরেবাংলা নগর, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ২৬ বৈশাখ, ১৪০৯ বাং/৯ মে, ২০০২ ইং

এস, আর, ও নং ৯২-আইন/২০০২/১বিধি-১/৯৪/ডি-১।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে এবং এতদসংক্রান্ত সকল বিধি বাতিলক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল ;

(খ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকারের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতা-প্রাপ্ত কোন কর্মকর্তা ;

(গ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ ;

(ঘ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লেখিত যোগ্যতা ;



মূল্য ঃ টাকা ৪.০০

(ঙ) "বাছাই কমিটি" অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক গঠিত বাছাই কমিটি;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) "স্বীকৃত ইনস্টিটিউট", "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত যথাক্রমে কোন ইনস্টিটিউট বা বিশ্ববিদ্যালয় বা বোর্ড, এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন ইনস্টিটিউট বা বিশ্ববিদ্যালয় বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে, কোন পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স, উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডোমিসাইল না হন; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে সেনাবাহিনীর চিকিৎসা সার্ভিসের পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড, অথবা ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তির স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরম (যদি থাকে) ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকেন এবং স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে গঠিত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসি**।— (১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসির চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সুন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারী আদেশবলে সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

## তফসিল

### {বিধি ২ (ক) দ্রষ্টব্য}

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | কমান্ড্যান্ট | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর মেজর জেনারেল (প্রাক্তন ই এম ই) পদধারী কর্মকর্তা। |
| ২। | ডেপুটি কমান্ড্যান্ট | - | প্রেষণে বদলির মাধ্যমে। | সেনাবাহিনীর ব্রিগেডিয়ার (প্রাক্তন ই এম ই, যান্ত্রিক প্রকৌশলী) পদধারী কর্মকর্তা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩। | পরিচালক (উৎপাদন)/ পরিচালক (প্রশাসন) | - | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% প্রেষণে বদলির মাধ্যমে।<br>উল্লেখ্য, পরিচালক (প্রশাসন) পদটি পদোন্নতির মাধ্যমে পূরণ হইলে পরিচালক (উৎপাদন) পদটি প্রেষণে অথবা পরিচালক (উৎপাদন) পদটি পদোন্নতির মাধ্যমে পূরণ হইলে পরিচালক (প্রশাসন) পদটি প্রেষণে পূরণ করা হইবে। | **পদোন্নতি** ঃ পরিচালক (উৎপাদন) ঃ উপ-পরিচালক (কারিগরি) পদে ৩ (তিন) বৎসর চাকুরীসহ প্রথম শ্রেণীর পদে ১৫ (পনের) বৎসরের চাকুরী। পরিচালক (প্রশাসন) ঃ প্রশাসনিক অফিসার/ব্যবস্থাপক (উপকরণ) পদে ৬ (ছয়) বৎসরের চাকুরীসহ প্রথম শ্রেণীর পদে ১৫ (পনের) বৎসরের চাকুরী।<br>**প্রেষণ** ঃ সেনাবাহিনীর কর্ণেল পদধারী কর্মকর্তা, তবে পরিচালক (উৎপাদন)-এর ক্ষেত্রে প্রাক্তন ই এম ই, যান্ত্রিক হইতে হইবে। |
| ৪। | উপ-পরিচালক (কারিগরি) | - | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতি** ঃ ব্যবস্থাপক (কারিগরি) পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>**প্রেষণ** ঃ সেনাবাহিনীর লেঃ কর্ণেল (ই এম ই) পদধারী কর্মকর্তা। |
| ৫। | জিএসও-২ (কর্ড)/ নিরাপত্তা অফিসার | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর মেজর পদধারী কর্মকর্তা। |
| ৬। | ব্যবস্থাপক (কারিগরি) | - | (ক) ৭৫% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২৫% প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতি** ঃ সহকারী ব্যবস্থাপক (কারিগরি)/কেমিষ্ট পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>**প্রেষণ** ঃ সেনাবাহিনীর মেজর পদধারী কর্মকর্তা (যাহাদের মধ্যে একজন এটিও অর্ডন্যান্স এবং অন্যরা ইএমই)। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭। | প্রশাসনিক অফিসার/ ব্যবস্থাপক (উপকরণ) | - | (ক) ৬৭% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৩৩% প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতি** ঃ সহকারী প্রশাসনিক অফিসার/সহকারী ব্যবস্থাপক (সহায়ক) পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>**প্রেষণ** ঃ সেনাবাহিনীর মেজর (ই এম ই/অর্ডন্যান্স) পদধারী কর্মকর্তা। |
| ৮। | সিনিয়র মেডিক্যাল অফিসার | - | পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতি** ঃ মেডিক্যাল অফিসার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>**প্রেষণ** ঃ সেনাবাহিনীর মেজর (এ এম সি) পদধারী কর্মকর্তা। |
| ৯। | স্টাফ অফিসার এবং সহকারী নিরাপত্তা অফিসার | - | প্রেষণে বদলীর মাধ্যমে। | সেনাবাহিনীর ক্যাপ্টেন পদধারী কর্মকর্তা। |
| ১০। | সহকারী ব্যবস্থাপক (কারিগরি) | - | (ক) ৮০% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২০% প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতি** ঃ সহকারী প্রকৌশলী পদে ৪ (চার) বৎসরের চাকুরী;<br>**প্রেষণ**ঃ সেনাবাহিনীর ক্যাপ্টেন পদধারী কর্মকর্তা, যাহাদের মধ্যে তিন-চতুর্থাংশ ই এম ই এবং এক-চতুর্থাংশ অন্যান্য কোর-এর। |
| ১১। | কেমিষ্ট | - | (ক) ৮০% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২০% প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতি** ঃ সহকারী কেমিষ্ট পদে ৪ (চার) বৎসরের চাকুরী;<br>**প্রেষণ**ঃ সেনাবাহিনীর ক্যাপ্টেন পদধারী কর্মকর্তা, যাহাদের মধ্যে তিন-চতুর্থাংশ ই এম ই এবং এক-চতুর্থাংশ অন্যান্য কোর-এর। |
| ১২। | সহকারী প্রশাসনিক অফিসার/ সহকারী ব্যবস্থাপক (সহায়ক) | - | (ক) ৮০% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২০% প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতি** ঃ পার্সোনেল অফিসার/স্টোর অফিসার/বাজেট অফিসার/আবাসিক অফিসার/ক্রয় অফিসার পদে ৪ (চার) বৎসরের চাকুরী ;<br>**প্রেষণ** ঃ সেনাবাহিনীর ক্যাপ্টেন পদধারী কর্মকর্তা, যাহাদের মধ্যে তিন-চতুর্থাংশ ই এম ই এবং এক-চতুর্থাংশ অন্যান্য কোর-এর। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৩। | মেডিক্যাল অফিসার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | চিকিৎসা কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বি এম ডি সি কর্তৃক স্বীকৃত এম বি বি এস অথবা সমমানের ডিগ্রী। |
| ১৪। | সহকারী প্রকৌশলী | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | (ক) ৬৬.৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে। (খ) ৩৩.৩৩% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগ** ঃ কোন স্বীকৃত ইনস্টিটিউট বা বিশ্ববিদ্যালয় হইতে যান্ত্রিক/তড়িৎ/ধাতব/রসায়ন/কম্পিউটার প্রকৌশলে স্নাতক ডিগ্রী। **পদোন্নতি** ঃ সিনিয়র উপ-সহকারী প্রকৌশলী পদে ৪ (চার) বৎসরের চাকুরী। |
| ১৫। | সহকারী কেমিষ্ট | ৩০ বৎসর বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | (ক) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে ; এবং (খ) ৫০% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগ** ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়নে ১ম শ্রেণীর স্নাতকোত্তর বা ২য় শ্রেণীতে স্নাতক (সম্মান)-সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর বা ধাতব প্রকৌশলে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। **পদোন্নতি** ঃ সিনিয়র উপ-সহকারী কেমিষ্ট পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১৬। | পার্সোনেল অফিসার/ স্টোর অফিসার/ আবাসিক অফিসার/ক্রয় অফিসার/ বাজেট অফিসার | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | (ক) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে: এবং (খ) ৩৩% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগ** ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেণীর স্নাতকোত্তর বা ২য় শ্রেণীতে স্নাতক (সম্মান)-সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। **পদোন্নতি** ঃ সহকারী পার্সোনেল অফিসার/সহকারী ষ্টোর অফিসার/ সহকারী আবাসিক অফিসার/সহকারী ক্রয় অফিসার/ কল্যাণ অফিসার/ সহকারী কল্যাণ অফিসার/সহকারী ষ্টেশনারী অফিসার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১৭। | ফায়ার অফিসার | - | প্রেষণে বদলীর-মাধ্যমে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সমপদ মর্যাদা সম্পন্ন কর্তকর্তা। |
| ১৮। | সিনিয়র উপ-সহকারী প্রকৌশলী | - | পদোন্নতির মাধ্যমে। | উপ-সহকারী প্রকৌশলী পদে ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ৩(তিন) বৎসর এবং নন-ডিপ্লোমাদের ক্ষেত্রে ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৯। | সিনিয়র উপ-সহকারী কেমিষ্ট | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | (ক) ৭৫% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি** ঃ উপসহকারী কেমিষ্ট পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগ** ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়নসহ ২য় বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রী, অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ধাতব প্রকৌশলে ২য় বিভাগে ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| ২০। | সহকারী পার্সোনেল অফিসার/ সহকারী ষ্টোর অফিসার/ সহকারী আবাসিক অফিসার/ সহকারী ক্রয় অফিসার/ সহকারী ষ্টেশনারী অফিসার/ সহকারী কল্যাণ অফিসার | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | (ক) ৭৫% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি** ঃ অফিস সুপারিনটেনডেন্ট পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগ** ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বোর্ড হইতে ২য় বিভাগে স্নাতক/সমমানের ডিগ্রী। |
| ২১। | সহকারী ফায়ার অফিসার | - | প্রেষণে বদলীর মাধ্যমে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সমপদ মর্যাদা সম্পন্ন কর্মকর্তা। |
| ২২। | উপ-সহকারী প্রকৌশলী | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | (ক) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৩৩% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগ** ঃ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল/ অটোমোবাইল/ উড ওয়ার্ক/ রিফ্রিজারেশন/ ইলেকট্রোনিক্স কম্পিউটার/ ম্যাটালার্জি/ কেমিক্যাল/ ড্রাফটসম্যানশীপ বিষয়ে ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা।<br>**পদোন্নতি** ঃ (ক) মাস্টার টেকনিশিয়ান পদে ৫ (পাঁচ) বৎসর অথবা ড্রাফটসম্যান বা প্লানার বা এস্টিমেটর পদে ৭ (সাত) বৎসরের চাকুরী; এবং (খ) বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৩। | উপ-সহকারী কেমিষ্ট | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | (ক) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে ; এবং (খ) ৩৩% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগ** ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়নসহ ২য় বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রী। **পদোন্নতি** ঃ মেটল্যাব এ্যাসিস্ট্যান্ট পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ২৪। | অফিস সুপারিনটেন-ডেন্ট | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | (ক) ৬৭% পদোন্নতির মাধ্যমে ; এবং (খ) ৩৩% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি** ঃ ক্যাশিয়ার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী অথবা ক্যাশিয়ার পদ-সহ সুপারভাইজার বা সিনিয়র সহকারী পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগ** ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বোর্ড হইতে ২য় বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং কম্পিউটার পরিচালনায় বাস্তব অভিজ্ঞতাসহ ৩(তিন) বৎসরের চাকুরী। |
| ২৫। | সিনিয়র নিরাপত্তা সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | নিরাপত্তা সহকারী পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ২৬। | মাস্টার টেক্‌নিশিয়ান | - | পদোন্নতির মাধ্যমে। | সিনিয়র টেক্‌নিশিয়ান পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ২৭। | চীফ গেইট ইন্সপেক্টর | - | পদোন্নতির মাধ্যমে। | গেইট ইন্সপেক্টর পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ২৮। | ক্যাশিয়ার | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী ক্যাশিয়ার বা সিনিয়র সহকারী পদে ৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে। |
| ২৯। | সহকারী ক্যাশিয়ার | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩০। | সিনিয়র সহকারী | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | (ক) ৬৭% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৩৩% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি** ঃ অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগ** ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে স্নাতকসহ টাইপিং গতি প্রতি মিনিটে বাংলা ও ইংরেজীতে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ। কম্পিউটারে ব্যবহারিক জ্ঞান সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩১। | নিরাপত্তা সহকারী | - | (ক) ৬৭% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৩৩% প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতি** ঃ নিরাপত্তা সুপারভাইজার পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**প্রেষণ** ঃ সেনাবাহিনীর নন-কমিশন কর্মকর্তা। |
| ৩২। | সিনিয়র টেকনিশিয়ান | ৩০ বৎসর। | (ক) ৯০% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ১০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি** ঃ স্কীল্ড টেকনিশিয়ান পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগ** ঃ কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে কারিগরি প্রশিক্ষণের সনদপত্র থাকিতে হইবে। |
| ৩৩। | গেইট ইন্সপেক্টর | ৩০ বৎসর। সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত জেসিওদের ক্ষেত্রে ৪৫ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বোর্ড হইতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; অথবা<br>(খ) অবসরপ্রাপ্ত জেসিওদের ক্ষেত্রে কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৪। | সিনিয়র গোডাউন কিপার | - | পদোন্নতির মাধ্যমে। | গোডাউন কিপার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩৫। | মেডিক্যাল সুপারভাইজার | - | পদোন্নতির মাধ্যমে। | সিনিয়র মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩৬। | সুপার-ভাইজার | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৭। | ষ্টেনো-টাইপিষ্ট-কাম পি এ | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | "Stenographers and Stenotypists (Ministries, Divisions and attached departments) Recruitment Rules, 1978" অনুযায়ী। কম্পিউটারে ব্যবহারিক জ্ঞান সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৮। | ড্রাফটসম্যান | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুর সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে যান্ত্রিক ড্রাফ্টসম্যানশীপ সনদ প্রাপ্ত। |
| ৩৯। | এস্টিমেটর | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুর সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে যান্ত্রিক ড্রাফ্টসম্যানশীপ সনদ প্রাপ্ত। |
| ৪০। | প্লানার | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে যান্ত্রিক ড্রাফ্টসম্যানশীপ সনদ প্রাপ্ত। |
| ৪১। | ইমাম | ৩০ বৎসর। কোন জামে মসজিদে ইমামতির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে ৪০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে কামিল পরীক্ষায় উত্তীর্ণ। কোরআনে হাফেজ এবং কোন জামে মসজিদে ইমামতির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |
| ৪২। | অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | "নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৩" অনুসারে। কম্পিউটারে ব্যবহারিক জ্ঞান সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |
| ৪৩। | মেটল্যাব এ্যাসিস্ট্যান্ট | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে রসায়ন ও পদার্থবিদ্যাসহ দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৪। | টেলিফোন অপারেটর | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে (৫০% পদ মহিলাদের জন্য সংরক্ষিত)। | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ।<br>টেলিফোন অপারেটর হিসাবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |
| ৪৫। | গোডাউন কিপার | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ। |
| ৪৬। | মিডওয়াইফ | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে (মহিলাদের জন্য সংরক্ষিত)। | (ক) কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে স্ত্রীরোগ ও ধাত্রী বিদ্যায় প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৪৭। | ড্রাইভার | ৩০ বৎসর। সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত ড্রাইভারদের ক্ষেত্রে ৪৫ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী উত্তীর্ণ। ভারী যানবাহন চালনার লাইসেন্সপ্রাপ্ত হইতে হইবে। সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইবে। |
| ৪৮। | ফীল্ড টেকনিশিয়ান | ৩০ বৎসর। | (ক) ৭৫% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতিঃ জুনিয়র টেকনিশিয়ান পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগঃ কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ২ (দুই) বৎসর মেয়াদী ট্রেড বা বৃত্তিমূলক প্রশিক্ষণের সার্টিফিকেটসহ অষ্টম শ্রেণী উত্তীর্ণ। |
| ৪৯। | ব্লু-প্রিন্টার | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫০। | সিনিয়র মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | (ক) ৬৭% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৩৩% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতিঃ** মেডিক্যাল এ্যাসিস্টেন্ট পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগঃ** কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং স্বাস্থ্য বিষয়ক কোন প্রতিষ্ঠানে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৫১। | এন্টি ম্যালেরিয়া ইন্সপেক্টর | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। স্বাস্থ্য বিষয়ক ও ম্যালেরিয়া প্রতিরোধক কাজে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |
| ৫২। | নিরাপত্তা সুপার-ভাইজার | .. | (ক) ৬৭% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৩৩% প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতিঃ** নিরাপত্তা কর্মী পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। **প্রেষণেঃ** সেনাবাহিনীর নায়েক অথবা ল্যাঃ নায়েক পদধারী কোন সদস্য। |
| ৫৩। | জুনিয়র টেক্‌নিশিয়ান | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | (ক) ৯০% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ১০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ঃ** নবীন টেক্‌নিশিয়ান পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগঃ** কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে দুই বৎসর মেয়াদী ট্রেড বা বৃত্তিমূলক প্রশিক্ষণের সার্টিফিকেটসহ অষ্টম শ্রেণী উত্তীর্ণ। |
| ৫৪। | ফায়ার লিডার | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতিঃ** ফায়ারম্যান পদে কমপক্ষে ৩ (তিন) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগঃ** কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং অগ্নি নির্বাপন কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫৫। | ডুপলিকেটিং মেশিন অপারেটর | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতিঃ** পোদ্দার বা রেকর্ড সাপ্লাইয়ার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগঃ** কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ডুপলিকেটিং মেশিন চালনার কাজে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৫৬। | নিরাপত্তা কর্মী | ৩৫ বৎসর। সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের ক্ষেত্রে ৪৫ বৎসর। | (ক) ৭০% সরাসরি নিয়োগের মাধ্যমে। (খ) ৩০% প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগঃ** কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। **প্রেষণঃ** সেনাবাহিনী সিপাহী অথবা ল্যাঃ নায়েক পদধারী কোন সদস্য। |
| ৫৭। | নবীন টেকনিশিয়ান | ৩০ বৎসর। | (ক) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং (খ) ৩৩% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগঃ** কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ২ (দুই) বৎসর মেয়াদী ট্রেড বা বৃত্তিমূলক প্রশিক্ষণের সার্টিফিকেটসহ অষ্টম শ্রেণী উত্তীর্ণ। **পদোন্নতিঃ** টেকনিক্যাল হেলপার পদে কমপক্ষে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ৫৮। | রেকর্ড সাপ্লাইয়ার | .. | পদোন্নতির মাধ্যমে | আর্দালী পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৫৯। | ফায়ারম্যান | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। উচ্চতা ১·৬৭৬ মিটার (৫′-৬″)। অগ্নি নির্বাপণ অথবা বেসামরিক প্রতিরক্ষা কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬০। | মেডিক্যাল এ্যাসিস্টেন্ট | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। পেশাগত (ফাষ্ট এইড) জ্ঞান সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |
| ৬১। | পোদ্দার | .. | পদোন্নতির মাধ্যমে। | লেবার অথবা আর্দালী পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৬২। | দপ্তরী | .. | পদোন্নতির মাধ্যমে। | আর্দালী পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৬৩। | হেডমালী | .. | পদোন্নতির মাধ্যমে। | মালী পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৬৪। | হেড খাকরব (প্রধান ঝাড়ুদার). | .. | পদোন্নতির মাধ্যমে। | খাকরব (ঝাড়ুদার) পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৬৫। | টেকনিক্যাল হেলপার | ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে কারিগরি বিষয়ক সার্টিফিকেটধারী প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |
| ৬৬। | রানার | .. | প্রেষণে বদলীর মাধ্যমে। | সেনাবাহিনীর সিপাহী পদধারী সদস্য। |
| ৬৭। | আর্দালী | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। |
| ৬৮। | দারোয়ান/ গেইট গার্ড | ৩০ বৎসর। সামরিক/আধা-সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪৫ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। উচ্চতা ১.৬৭৬ মিটার (৫′-৬″)। অবসরপ্রাপ্ত সামরিক/ আধাসামরিক বাহিনীর প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬৯। | মালী | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। উদ্যান বা বাগান পরিচর্যার কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |
| ৭০। | লেবার | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। |
| ৭১। | আয়া | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। সেবামূলক কাজে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। |
| ৭২। | খাকরব (ঝাড়ুদার) | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কে এম এহসানুল হক**
প্রতিরক্ষা সচিব।

মোঃ সারোয়ারুজ্জামান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।